



# বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট

ঈশ্বরদী-৬৬২০, পাবনা।

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারক নং- বিএসআরআই/এন-১/২০২২/১৪১৩

তারিখ- ২৬/০৬/২০২২ খ্রি.

বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট (বিএসআরআই), ঈশ্বরদী, পাবনা এর রাজস্ব খাতে নিম্নবর্ণিত শূন্য পদসমূহে অস্থায়ী ভিত্তিতে নিয়োগের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

ক্রমিক নং	পদের নাম, বেতনস্কেল ও গ্রেড (জাতীয় বেতনস্কেল ২০১৫ অনুযায়ী)	পদ সংখ্যা (টি)	বয়স	'বিএসআরআই এর চাকুরী প্রতিষ্ঠানমালা-২০০৯' অনুযায়ী নিয়োগ যোগ্যতা
১.	মেডিক্যাল অফিসার ৩৫৫০০-৬৭০১০/- (গ্রেড-৬)	০১	সর্বোচ্চ ৩৫ বৎসর	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান হইতে অনূন এম.বি.বি.এস ডিগ্রী; এবং (খ) সরকারী/আধা-সরকারী প্রতিষ্ঠানে অনূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী।
২.	প্রধান শিক্ষক ২৯০০০-৬৩৪১০/- (গ্রেড-৭)	০১	সর্বোচ্চ ৪০ বৎসর	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান হইতে অনূন স্নাতকসহ বিএড/এমএড ডিগ্রী; (খ) সরকারী/আধা-সরকারী/স্বায়ত্বশাসিত/আধা-স্বায়ত্বশাসিত/খ্যাতনামা বেসরকারী উচ্চ বিদ্যালয়ে সহকারী প্রধান শিক্ষক হিসাবে অনূন ৩ (তিন) বৎসরের চাকুরীসহ ১৫ (পনের) বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা; (গ) শিক্ষা জীবনের সকল স্তরে অনূন দ্বিতীয় বিভাগ/শ্রেণী থাকিতে হইবে; এবং (ঘ) ইংরেজী ও অংকে পারদর্শী প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে।

নিম্নবর্ণিত শর্তাবলী আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবে:

- আবেদনে ইচ্ছুক প্রার্থীগণকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের 'মডেল ফরম' অনুযায়ী আবেদন করতে হবে যা [Website: www.bsri.gov.bd](http://www.bsri.gov.bd) এ পাওয়া যাবে। আবেদনপত্র ডাকযোগে/কুরিয়ার সার্ভিসের মাধ্যমে মহাপরিচালক, বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট, ঈশ্বরদী, পাবনা বরাবর আগামী ২৬/০৭/২০২২ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌঁছাতে হবে। সরাসরি বা হাতেহাতে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। আবেদনকারীকে খামের উপর পদের নাম ও নিজ জেলার নাম উল্লেখ করতে হবে। আবেদনপত্রের সঙ্গে নিম্নলিখিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে:
  - প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক (নামসহ) সত্যায়িত সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার মূল সনদপত্রের অনুলিপি।
  - প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
  - প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক (নামসহ) সত্যায়িত ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভা মেয়র/সিটি করপোরেশন মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্রের অনুলিপি।
  - প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সম্পত্তি তোলা ০৪ (চার) কপি পাসপোর্ট সাইজের ছবি।
  - আবেদনপত্রের সাথে ৫০০/- (পাঁচশত) টাকা মূল্যমানের ব্যাংক ডাফট/পে-অর্ডার মহাপরিচালক, বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট বরাবর জনতা ব্যাংক লিমিটেড, বাংলাদেশ ইক্ষু গবেষণা ইনস্টিটিউট শাখা, পাবনা এর অনুকূলে প্রেরণ করতে হবে।
- কেবল উপযুক্ত এবং ক্রটিমুক্ত আবেদনকারীদেরকে লিখিত পরীক্ষায় ডাকা হবে। পরবর্তীতে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে মৌখিক পরীক্ষায় ডাকা হবে। লিখিত ও মৌখিক পরীক্ষায় উপস্থিত হওয়ার জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা, ভুয়া বা ভুল প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। মৌখিক পরীক্ষার সময় সকল সনদের মূলকপি প্রদর্শন করতে হবে এবং ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা (নামসহ সীল) কর্তৃক সত্যায়িত সকল সনদপত্রের ছায়ালিপি দাখিল করতে হবে।
- নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সরকারের সর্বশেষ নীতিমালা অনুসরণ করা হবে।
- জেলার স্থায়ী বাসিন্দা প্রমাণের সনদ হিসেবে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি করপোরেশন প্রদত্ত সনদ দাখিল করতে হবে।
- যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিয়ে করেন বা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন তবে তিনি সরাসরি নিয়োগ লাভের জন্য উপযুক্ত বিবেচিত হবেন না।
- কোন ধরনের তদবির কিংবা সুপারিশ, প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।
- কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ নিয়োগ বিজ্ঞপ্তি সংশোধন/বাতিল করতে পারবে।
- বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট এর [Website: www.bsri.gov.bd](http://www.bsri.gov.bd) এ বিজ্ঞপ্তি দেখা যাবে।
- নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- নিয়োগযোগ্য পদসংখ্যা হ্রাস/বৃদ্ধির ক্ষমতা কর্তৃপক্ষের নিকট সংরক্ষিত থাকবে।
- উল্লেখ্য যে, সকল মন্ত্রণালয়/বিভাগ ও এর অধীনস্থ অধিদপ্তর/পরিদপ্তর/দপ্তর সংবিধিবদ্ধ/স্বায়ত্তশাসিত/জাতীয়কৃত প্রতিষ্ঠানসমূহের শূন্য পদসমূহ পূরণের ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সূত্র নং-০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০.১৫৪ তারিখ ০২ সেপ্টেম্বর ২০২১ অনুযায়ী জারীকৃত পত্র যথাযথভাবে অনুসরণ করা হবে।

২৬/০৬/২০২২

(ড. তোফায়েল আহমেদ)

প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা

এবং

সদস্য- সচিব, বিএসআরআই পদোন্নতি/নিয়োগ কমিটি-১